যুগান্তর

তারিখ ০ 9 FEB 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক ১ম বর্ষে ভর্তির সময় বৃদ্ধি

**গাজীপুর প্রতিনিধি**

গত ৪ ফেব্রুয়ারি প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর ২য় মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা ১০ ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ভর্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশন দফতর সূত্রে এ তথ্য জানা গেছে।

**কেন্দ্রের পরিচালক চাকরিচ্যুত** : জাতীয় বিশ্ববিদ্যালয়ের চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের পরিচালক থেকে মোহাম্মদ সিরাজ উদ্দিনকে চাকরিচ্যুত করা হয়েছে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ, দায়িত্বে অবহেলা, অসততা, অর্থলিপ্সা ও দুর্নীতির অভিযোগে ২১ জানুয়ারি অনুষ্ঠিত সিন্ডিকেটের ১৫৮তম সভায় তার বিরুদ্ধে এ সিদ্ধান্ত নেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর সূত্রে এ তথ্য জানা গেছে।